

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৯৯

আগরতলা, ১৬ অক্টোবর, ২০২৬

যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে দুই জোড়া
ফেস্টিভ্যাল স্পেশাল ট্রেন চালাবে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

উৎসবের মরসুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে এবং তাঁদের ভ্রমণ আরামদায়ক করে তুলতে, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে আগরতলা-ধর্মনগর এবং আগরতলা-সাক্রম রুটে দুই জোড়া ফেস্টিভ্যাল স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এই স্পেশাল পরিষেবাগুলো উভয় দিকে চারটি করে ট্রিপের জন্য চলাচল করবে, যা যাত্রীদের জন্য ভ্রমণের অতিরিক্ত সুযোগ তৈরি করবে, নিয়মিত ট্রেনগুলোতে ভিড় কমাতে এবং উৎসবের মরসুমে ভ্রমণকে আরও আরামদায়ক করে তুলবে।

সেই অনুযায়ী, ট্রেন নং. ০৫৬৪০ (আগরতলা - ধর্মনগর) স্পেশাল ট্রেনটি ১৮ অক্টোবর থেকে ২১ অক্টোবর পর্যন্ত প্রতিদিন আগরতলা থেকে সকল ৫টা ১০ মিনিটে যাত্রা করবে এবং একই দিনে সকল ৮টা ৪৫ মিনিটে ধর্মনগর পৌঁছাবে। ফেরৎ যাত্রায়, ট্রেন নং. ০৫৬৩৯ (ধর্মনগর-আগরতলা) স্পেশাল ট্রেনটি ১৮ থেকে ২১ অক্টোবর পর্যন্ত ধর্মনগর থেকে সকল ৯টা ৩০ মিনিটে যাত্রা শুরু করে একই দিন দুপুর ১টা ২০ মিনিটে আগরতলা পৌঁছাবে।

ট্রেন নং. ০৫৬৪৪ (আগরতলা-সাক্রম) স্পেশাল ট্রেনটি ১৮ থেকে ২১ অক্টোবর পর্যন্ত প্রতিদিন দুপুর ২টা ১৫ মিনিটে আগরতলা থেকে যাত্রা শুরু করবে এবং একই দিন বিকাল ৪টা ৩৫ মিনিটে সাক্রম পৌঁছাবে। ফেরৎ যাত্রায়, ট্রেন নং. ০৫৬৪৩ (সাক্রম-আগরতলা) স্পেশাল ট্রেনটি ১৮ থেকে ২১ অক্টোবর পর্যন্ত সাক্রম থেকে সন্ধ্যা ৫টায় যাত্রা শুরু করে একই দিন সন্ধ্যা ৭টা ৩৫ মিনিটে আগরতলা পৌঁছাবে।

এই ট্রেনগুলোর স্টপেজ ও সময়সূচি সংক্রান্ত বিস্তারিত তথ্য আইআরসিটিসি-র ওয়েবসাইটে পাওয়া যাবে এবং উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের বিভিন্ন সংবাদপত্র ও সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও প্রকাশিত হচ্ছে। যাত্রীদের যাত্রা শুরুর পূর্বে বিস্তারিত তথ্য যাচাই করে নেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে। উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
